

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সেবা পরিদপ্তর
১৪/১৫, মতিঝিল বানিজ্যিক এলাকা
“ইস্পাহানী ভবন”
ঢাকা-১০০০।

সংখ্যা- ডি,এন,এস/ শা-১/২এন-১৯(অংশ-১)/২০১৩ /৩৩২৮

তারিখ ০১/০৮/২০১৩খিঃ

নিয়োগ বিজ্ঞপ্তি

সেবা পরিদপ্তরের আওতাধীন বিভিন্ন হাসপাতাল/স্বাস্থ্য প্রতিষ্ঠানে ২য় শ্রেণীর সিনিয়র স্টাফ নার্স পদে নবসৃজিত/ শূন্য পদে এডহক ভিত্তিতে ব্যাচ, মেধা ও জ্যেষ্ঠতার আলোকে নিয়োগের নিমিত্ত নিম্নে বর্ণিত শর্ত সাপেক্ষে বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্রমিক নং	পদের নাম ও বেতন স্কেল	বয়সসীমা	শিক্ষাগত যোগ্যতা
১।	সিনিয়র স্টাফ নার্স, জাতীয় বেতন স্কেল, ২০০৯ অনুযায়ী ঢাকা-৮০০০-৪৫০x৭-১১১৫০-ইবি- ৪৯০ x ১১-১৬৫৪০/-	০১-০৮-২০১৩ খিঃ প্রার্থীর সর্বোচ্চ বয়স ৩৬ বছর।	বাংলাদেশ নার্সিং কাউন্সিল কর্তৃক অনুমোদিত যে কোন সেবা ইনস্টিটিউট থেকে ৩ বৎসর মেয়াদী ডিপ্লোমা -ইন - নার্সিং এবং ১ বৎসর মেয়াদী ডিপ্লোমা ইন মিডওয়াইফারী / অর্থোপেডিক/ সাইকিয়াট্রিক নার্সিং কোর্স সম্পন্নকারী অথবা ৩ বৎসর মেয়াদী ডিপ্লোমা-ইন- নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারী কোর্স সম্পন্নকারী এবং বাংলাদেশ নার্সিং কাউন্সিল কর্তৃক হালনাগাদ রেজিস্ট্রেশন থাকতে হবে।


শর্তাবলী :

- আবেদন পত্র ডাকযোগে পরিচালক, সেবা পরিদপ্তর, ১৪-১৫, মতিঝিল বানিজ্যিক এলাকা, “ইস্পাহানী ভবন,(৭ম তলা) ঢাকা-১০০০, এর বরাবরে আগামী ২১-০৮-২০১৩ খিঃ অফিস চলাকালিন সময়ের মধ্যে পৌঁছাতে হবে। নির্ধারিত তারিখ উত্তীর্ণ হওয়ার পর কোন আবেদন পত্র গ্রহণ করা হবে না।
- দরখাস্তে (ক) প্রার্থীর নাম (স্পষ্ট অক্ষরে) (খ) পিতার/ স্বামীর নাম (গ) মাতার নাম (ঘ) বর্তমান ঠিকানা (ঙ) স্থায়ী ঠিকানা (চ) জন্ম তারিখ ও বয়স (০১-০৮-২০১৩ খিঃ প্রার্থীর বয়স) (ছ) জাতীয়তা (জ) বৈবাহিক অবস্থা (ঝ) কোটার নাম (প্রযোজ্য ক্ষেত্রে) (ঞ) ট্রেজারী চালান নং ও তারিখ ইত্যাদি স্পষ্টাক্ষরে উল্লেখ করতে হবে।

- শিক্ষাগত যোগ্যতার বিবরণী নিম্নবর্ণিত “ছক” মোতাবেক উল্লেখ করতে হবে :-

পরীক্ষার নাম	প্রতিষ্ঠানের নাম	পাশের সন	প্রাপ্ত বিভাগ/ প্রাপ্ত নম্বর (নার্সিং-৪র্থ বর্ষ)

- আবেদন পত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবেঃ
 - সকল প্রকার শিক্ষাগত যোগ্যতার মূল/সাময়িক সনদ, প্রশংসাপত্র, ম্যাকশীটের ফটোকপি প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক স্বাক্ষর পূর্বক নামাঙ্কিত সীলমোহর সহ সত্যায়িত কপি।
 - নাগরিকত্ব সনদ পত্র (স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার/সিটি কর্পোরেশনের কমিশনার কর্তৃক দেয় প্রদত্ত সনদপত্র)।
 - আবেদন পত্রের সাথে সদ্য তোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি ৩ (তিন) কপি।
 - প্রথম শ্রেণী গেজেটেড কর্মকর্তা কর্তৃক (স্বাক্ষরও নামাঙ্কিত সীল মোহর সহ) চারিত্রিক সনদপত্র।
 - কোন প্রার্থী মুক্তিযোদ্ধার পুত্র/ কন্যা অথবা মুক্তিযোদ্ধার পোষ্য হলে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ পত্রের সত্যায়িত অনুলিপি আবেদন পত্রের সাথে দাখিল করতে হবে।
 - আবেদনকারী মুক্তিযোদ্ধার পুত্র/কন্যার পুত্র-কন্যা অথবা মহিলা মুক্তিযোদ্ধার সন্তান হলে আবেদনকারী যে মহিলা মুক্তিযোদ্ধার সন্তান এ মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশন এর ওয়ার্ড কাউন্সিলর ও পৌরসভার মেয়র / কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদপত্র আবেদনের সাথে দাখিল করতে হবে
- মুক্তিযোদ্ধা কোটা সহ আন্যান্য কোটায় প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে সরকারের সর্বশেষ বিধি বিধান ও কোটা অনুসরণ করা হবে।
- খামের উপর নার্সিং, মিডওয়াইফারী, অর্থোপেডিকস ও সাইকিয়াট্রিকস নার্সিং কোর্সের পাশের সন উল্লেখ করতে হবে/৩ বৎসর মেয়াদী ডিপ্লোমা-ইন- নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারী কোর্সেও পাশের সন উল্লেখ করতে হবে।
- ক্রটি পূর্ণ /অসম্পূর্ণ আবেদন পত্র কোন কারণ দর্শানো ব্যতিরেকেই বাতিল বলে গণ্য হবে।
- পদের সংখ্যা/হ্রাস/ বৃদ্ধি করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
- নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।
- পরিচালক, সেবা পরিদপ্তর, ঢাকার অনুকূলে আবেদনকারীকে ২০০/- (দুই শত) টাকা অর্থনৈতিক কোড নং ১-২৭১৬-০০০০-২৬৮১ এ ট্রেজারী চালানোর মাধ্যমে সরকারী কোষাগারে জমা পূর্বক উহার মূল কপি আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে।
- কোন তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে চাকরিতে নিয়োগ প্রাপ্ত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিল সহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।।


(তাছলিমা বেগম)
পরিচালক (ভারপ্রাপ্ত)
সেবা পরিদপ্তর, ঢাকা